

# জাবির ১৭ হলে ছাত্রদলের কমিটি গঠন

ওয়াজহাতুল ওয়াস্তি, জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:২২, ৯ আগস্ট ২০২৫



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ৬ টি ছাত্রী হল সহ মোট ১৭ টি হলে ছাত্রদলের কমিটি অনুমোদন করা হয়েছে। শুক্রবার (৮ আগস্ট) শাখা ছাত্রদলের আহ্বায়ক ও সদস্য সচিব স্বাক্ষরিত পৃথক বিজ্ঞপ্তিতে হল কমিটির অনুমোদন দেওয়া হয়।

বিজ্ঞপ্তি অনুসারে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের নওয়াব ফয়জুন্নেসা হল, প্রীতিলতা হল, ১৩ নং ছাত্রী নং, ফজিলতুন্নেসা হল, রোকেয়া হল, বীর প্রতীক তারামন বিবি হল, আল-বেরুনী হল, শহীদ সালাম বরকত হল, আ ফ ম কামাল উদ্দিন হল, মওলানা ভাসানী হল, বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর হল, ১০ নং ছাত্র হল, ২১ নং ছাত্র হল, শহীদ রফিক-জবাবার হল, শহীদ তাজউদ্দিন আহমেদ হল, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হল, মীর মোশাররফ হোসেন হলে কমিটির অনুমোদন দেওয়া হয়েছে। এছাড়াও ব্যবসায় শিক্ষা অনুষদের কমিটিও গঠন করা হয়েছে।

ছাত্রদের নওয়াব ফয়জুন্নেসা হলে ৩ সদস্য বিশিষ্ট, প্রীতিলতা হল, ১৩ নং ছাত্রী হল, ফজিলাতুন্নেছা হল ও রোকেয়া হলে ২ সদস্য বিশিষ্ট এবং বীর প্রতীক তারামন বিবি হলে ৭ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেওয়া হয়েছে।

এদিকে ছাত্রদের আল-বেরুনী হলে ৭ সদস্য বিশিষ্ট, শহীদ সালাম বরকত হল, মওলানা ভাসানী হল, ১০ নং ছাত্র হল, শহীদ রফিক-জৰুর হল, শহীদ তাজউদ্দিন আহমেদ হল, বিশ্বকুবি রবীন্দ্রনাথ ঠাকুর হল ও মীর মশাররফ হোসেন হলে ৫ সদস্য বিশিষ্ট, আ.ফ.ম কামাল উদ্দিন হল ও ২১ নং ছাত্র হলে ৬ সদস্য বিশিষ্ট এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হলে ৮ সদস্য বিশিষ্ট এবং এবং ব্যবসায় শিক্ষা অনুষদে ২ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেয়া হয়েছে।